আজকের কাগজ

তারিখ 25 OCT 1991
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪

২০

আহত ৩০

# চট্টগ্রাম বিআইটি'তে ছাত্রদল–ছাত্রলীগ গুলি বিনিময়

চট্টগ্রাম বিআইটি'তে গত বুধবার মধ্যরাতে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (শা-অ)-এর মধ্যে ২২ মিনিটব্যাপী গুলি বিনিময়ে উভয়পক্ষের ৩০জন আহত হয়েছে। খবর চট্টগ্রাম থেকে পংকজ দস্তিদারের।

পুলিশ ক্যাম্পাস থেকে ছাত্রলীগের সাতজন নেতা ও কর্মীকে গ্রেফতার করেছে এবং দু'টি এলজি উদ্ধার করেছে। সন্ত্রাসের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদলের আহবানে গতকাল বিআইটি'তে ধর্মঘট পালিত হয়েছে।

বিআইটি'র শিক্ষক সমিতি এক বিবৃতিতে সন্ত্রাসী ঘটনার উল্লেখ করে বলেন, গত তিনমাস ধরে উভয় পক্ষের মধ্যে সহিংসতার কারণে কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে। অবিলম্বে সন্ত্রাস বন্ধ না হলে তারা কর্মবিরতি পালন করবেন বলে জানান। বিআইটি-এর ছাত্র এবং বাকি চারজন বহিরাগত। গ্রেফতারকৃতদের কাছ থেকে পুলিশ দু'টি পাইপগান, একটি চাইনিজ কুড়াল এবং কিছুসংখ্যক গুলি উদ্ধার করে। এ ব্যাপারে রাউজান থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

সরকার আশা পোষণ করে যে, শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রতিরোধে সর্বস্তরের জনসাধারণ সরকারকে প্রয়োজনীয় সকল প্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান করবেন।